				<p>পর্যন্ত মোট ১৩৬ প্রকার যন্ত্রপাতি, ১৬০ প্রকার গ্লাসওয়ার এবং ২০০ প্রকার কেমিক্যালের পরিদর্শন কাজ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে মোট ১৩৩ প্রকার যন্ত্রপাতি, ৯১ প্রকার গ্লাসওয়ার ও ২০০ প্রকার কেমিক্যাল বিএসটিআই'এ এসে পৌঁছেছে। অবশিষ্ট ৩টি যন্ত্র এবং ৬৯ প্রকার গ্লাসওয়ার ঢাকা হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমান বন্দরে খালাস প্রক্রিয়াধীন রয়েছে। খালাস শেষে শীঘ্রই বিএসটিআই'এ এসে পৌঁছাবে। সরবরাহকারী প্রতিষ্ঠান হতে Expert/Engineer এসে যন্ত্রগুলো Installation এর কাজ করছে। ইতোমধ্যে ৬৫ প্রকার যন্ত্রপাতি, ৯১ প্রকার গ্লাসওয়ার এবং ২০০ প্রকার কেমিক্যাল রিসিভিং কমিটি কর্তৃক বুঝে নেয়া হয়েছে এবং Installation এর পর অবশিষ্ট যন্ত্রগুলো বুঝে নেয়া হবে।</p> <p>আর্থিক অগ্রগতি(২০১৫-২০১৬ অর্থ বছরের এপ্রিল/২০১৬ পর্যন্ত) :</p> <p>আরএডিপি বরাদ্দ ৩৪৭.০০ লক্ষ টাকা (জিওবি ২২.০০ লক্ষ, ঋণ ৩২৫.০০ লক্ষ), অবমুক্ত ২২.০০ লক্ষ টাকা, ব্যয় ৭.৪৯ লক্ষ টাকা, ক্রমপূঞ্জিত ব্যয় (এপ্রিল/২০১৬ পর্যন্ত) ১,৭২৬.২০ লক্ষ টাকা। ক্রমপূঞ্জিত অগ্রগতির হার ৬১.৩৪% (আর্থিক)।</p>			
১১	<p>কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণ কার্যক্রম:</p> <p>প্রক্রিয়াজাত খাদ্য বিদেশে রপ্তানির লক্ষ্যে বিএসটিআই এর মান নিয়ন্ত্রণ যাতে যথাযথ হয় সে বিষয়ে বিএসটিআই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং কৃষিজাত পণ্য ভিত্তিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠার বিষয়ে শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।</p>	১২/০৪/২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন।	বিএসটিআই/বিসিক	<p>(ক) খাদ্যের মান যাতে যথাযথ হয় সেই লক্ষ্যে বিএসটিআই এর কার্যক্রম জোরদার করা হয়েছে।</p> <p>(খ) দেশীয় যন্ত্রপাতি ব্যবহারপূর্বক কৃষিজাত পণ্য ভিত্তিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠান স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় অবকাঠামোগত সুযোগ সুবিধাসহ অন্যান্য সেবা প্রদান করতে ও কৃষিজাত পণ্যভিত্তিক শিল্পকে লাভজনক করতে আরো কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিসিকের মাঠ কার্যালয়সমূহকে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। শিল্পনগরীসমূহে প্লট বরাদ্দের সময় কৃষিজাত পণ্যভিত্তিক শিল্পকে অগ্রাধিকার প্রদানের জন্যও নির্দেশনা প্রদান করা হয়েছে।</p> <p>বিসিকের শিল্পনগরীসমূহে বর্তমানে ১০২০টি কৃষিজাত পণ্যভিত্তিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প রয়েছে। তন্মধ্যে ৮৩৬টি চালু, ৯১টি বন্ধ ও ৯৬টি নির্মাণাধীন/নির্মাণের অপেক্ষায় আছে। বন্ধ ৯১টি শিল্প সংশ্লিষ্ট প্লটসমূহের বরাদ্দ বাতিল/হস্তান্তরের মাধ্যমে সেগুলো সম্ভাবনাময় নতুন উদ্যোক্তাদেরকে বরাদ্দ দিয়ে কৃষিজাত ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে।</p> <p>দেশে কৃষিজাত পণ্য সংরক্ষণে বিশেষ শিল্পনগরী স্থাপনের বিষয়ে উত্তরাঞ্চলের ১৬টি জেলার সম্ভাব্যতা যাঁচাইপূর্বক একটি উন্নয়ন প্রকল্প</p>	বাস্তবায়নাধীন		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি/নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
				প্রস্তাব প্রণয়নের লক্ষ্যে ৮টি করে জেলার সমন্বয়ে সম্ভাব্যতা যাঁচাই-এর জন্য ২টি সম্ভাব্যতা যাঁচাই কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করেছেন। শিঘ্রই মাঠ পর্যায় পরিদর্শন করে প্রতিবেদন প্রণয়ন পূর্বক ডিপিপি প্রণয়নের কাজ শুরু করা হবে।			
১২	<p>বন্ধঘোষিত কলকারখানা পূর্ণ চালু করণ</p> <p>(১) চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স (সিসিসি) পুনরায় চালুকরাসহ কি কারণে এবং কেন তা বন্ধ করা হয়েছিল তা তদন্ত করে একটি প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>(২) বন্ধঘোষিত নর্থ বেঙ্গল পেপার মিল পর্যায়ক্রমে চালুর উদ্যোগ গুণের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।</p>	১২/০৪/২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্য্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন।	বিসিআইসি	<p>(১) চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স (সিসিসি) লিঃ পুনঃ চালু করণের নিমিত্ত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির গত ২৪/০২/২০১৩ তারিখে অনুষ্ঠিত সভায় M/S Wuhan Anyang Science & Technology Co.Ltd, China এর ১১৪.৮৮ কোটি টাকা ক্রয় প্রস্তাবের অনুমোদন প্রদান করা হয়। গত ০৪/১০/২০১৩ তারিখ হতে চুক্তি বাস্তবায়নের কাজ শুরু হয়েছে।</p> <p>সাধারণ ঠিকাদার M/S WASTCL কর্তৃক নতুন মেশিন, পাইপ লাইন, ষ্টিল ষ্ট্রাকচার ও ইনস্ট্রুমেন্ট স্থাপনের কাজ ১৪/০৯/২০১৪ তারিখ হতে শুরু হয়েছে। সাধারণ ঠিকাদার M/S WASTCL কর্তৃক সরবরাহকৃত ডিজাইন এবং ড্রইং মোতাবেক কারখানার যন্ত্রপাতি স্থাপনের কাজ চলছে।</p> <p>এপ্রিল, ২০১৬ মাস পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি প্রায় ৮৩%। বর্তমানে প্রি-কমিশনিং এর কাজ চলছে। সাধারণ ঠিকাদার M/S WASTCL কর্তৃক প্রকল্প বাস্তবায়ন সময়সীমা ৩১ মে ২০১৬ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।</p> <p>(২) নর্থ বেঙ্গল পেপার মিলস (এনবিপিএম) লিঃ পুনঃচালুকরণ প্রসঙ্গে গত ০২/০৮/২০১০ তারিখে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে নর্থ বেঙ্গল পেপার মিলসকে বেসরকারিকরণের জন্য ২য় বার আহত দরপত্রে অংশগ্রহণকারী সর্বোচ্চ দরদাতা কর্তৃক দায়েরকৃত মামলাএখনো নিষ্পত্তি না হওয়ায় আদালতে বিচারার্থীন বিষয় হিসেবে এনবিপিএম পুনঃচালুকরণ সংক্রান্ত শিল্প মন্ত্রণালয়ের প্রস্তাবের ব্যাপারে আপাততঃ কোন সিদ্ধান্ত গ্রহণ করা সমীচীন হবে না মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। দরপত্রে অংশগ্রহণকারী সর্বোচ্চ দরদাতা ১২৯/২০০৯ নং রিট মামলা দায়ের করে।</p> <p>মামলাটিতে পক্ষভুক্ত হওয়ার জন্য তার প্রস্তুতি হিসেবে নর্থ বেঙ্গল পেপার মিলস (এনবিপিএম) লিঃ পুনঃচালুকরণের লক্ষ্যে গঠিত আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে ১৩১.১৯১ কোটি টাকায় শুধু পেপার মিল পুনঃচালুকরণের সুপারিশ করা হয়। বৈদেশিক সহায়তা/যৌথ উদ্যোগে কারখানার</p>	মেয়াদ ৩১ মে ২০১৬		মেয়াদ জুন ২০১৭

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি/নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
	(৩) খুলনা নিউজপ্রিন্ট মিল পর্যায়ক্রমে চালুর উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।			<p>বাৎসরিক ৪৫,০০০.০০ মেঃটন ভার্জিন পাল্প ভিত্তিক একটি সম্পূর্ণ নতুন পেপার মিল স্থাপনের লক্ষ্যে খসড়া পিডিপিপি প্রণয়ন করা হয়েছে। পাশাপাশি সহজ শর্তে বৈদেশিক/জাপানী ঋণসহ কারিগরি সহযোগীতা নিয়ে মিলটি পুনঃচালুকের/নতুন কারখানা স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।</p> <p>এ লক্ষ্যে যৌথ উদ্যোগে নর্থ বেংগল পেপার মিলস(এনবিপিএম) লিঃ পুনঃচালুকের/নতুন কারখানা স্থাপন প্রসঙ্গে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রণয়নের নিমিত্ত গত ১০/৫/২০১৬ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে।</p> <p>(৩) খুলনা নিউজপ্রিন্ট মিল পুনরায় চালু করার বিষয়ে বিসিআইসি আর্থ-কারিগরি সমীক্ষা প্রতিবেদন দাখিল করেছে। মিলটি পুনঃচালু করার লক্ষ্যে প্রণীত পিডিপিপি পরিকল্পনা কমিশন প্রেরণ করা হলে কিছু সংশোধনীর জন্য তা ফেরৎ পাঠানো হয়েছে। এ প্রেক্ষিতে পিডিপিপি সংশোধনীর পর তা ০৬/৯/২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশন হতে গত ১৩/৪/২০১৬ তারিখে বিদ্যমান বন্ধ মিলটির বিষয়াদি নিষ্পত্তিকল্পে বিসিআইসি'র গৃহীত/গৃহীতব্য কার্যক্রমের বিষয়ে পরবর্তী প্রক্রিয়াকরণ কি হবে মর্মে জানতে চাওয়া হয়। এ প্রেক্ষিতে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ প্রক্রিয়াধীন আছে।</p>	মেয়াদ জানুয়ারি' ২০১৯		
১৩	<p><u>শিল্প বর্জ্য পরিশোধনঃ</u></p> <p>পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সাথে আলোচনাপূর্বক প্রতিটি শিল্পকারখানার বর্জ্য পরিশোধনের নিমিত্ত Effluent Treatment Plant স্থাপন করার বিষয়টি নিশ্চিত করতে হবে। ভবিষ্যতে একই ধরনের শিল্প এক একটি শিল্প পার্কে সহানুভূত করে কেন্দ্রীয়ভাবে বর্জ্য পরিশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	১২/০৪/২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্য্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন।	বিসিক ও বিএসএফআইসি	<p><u>(ক) বিসিক শিল্পনগরীঃ</u></p> <p>বিসিকের ৭৪টি শিল্পনগরীর ১৩৮টি শিল্প ইউনিটে ETP থাকা প্রয়োজন বলে চিহ্নিত করা হয়েছে। তন্মধ্যে ETP স্থাপন করা হয়েছে ৭৫টিতে এবং নির্মাণাধীন রয়েছে ১০টিতে। নতুন শিল্প-কারখানায় শুরু থেকেই বর্জ্য পরিশোধনাগার (ETP) স্থাপনের লক্ষ্যে বিসিকের সকল শিল্পনগরী ও জেলা কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। যেসকল কারখানায় এখনো ETP স্থাপন করা হয়নি, সেসকল কারখানায় ETP স্থাপন সংশ্লিষ্ট ব্যয় ও ফি প্রদান করার নির্দেশনাসহ বিসিকের মাঠ পর্যায়ের কার্শ্বা থেকে তাগিদ প্রদান অব্যাহত আছে।</p> <p>এর বাইরে বিসিক কর্তৃক নতুন শিল্পনগরী স্থাপনের ক্ষেত্রে CETP নির্মাণ ব্যয়সহ ডিপিপি প্রণয়ন করা হচ্ছে তাছাড়া শিল্প মালিকগণকে তাঁদের কারখানায় ETP স্থাপন সংশ্লিষ্ট ব্যয় ও ফি প্রদান করার নির্দেশনাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। বিসিকের পুরাতন ১০টি শিল্পনগরীতে সমীক্ষা চালিয়ে ETP স্থাপন সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন করে কর্তৃপক্ষ বরাবরে সুপারিশসহ পেশকরা হয়েছে। তাছাড়া</p>	চলমান প্রক্রিয়া	সিইটিপি/ ইটিপি স্থাপনের জন্য শিল্প ইউনিটসমূহে প্রয়োজনীয় পরিমাণ জমির স্বল্পতা ও শিল্প উদ্যোক্তাদের আর্থিক কসমস্যা।	

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি/নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
				২০টি পুরাতন শিল্পনগরীর ETP স্থাপন সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে (খ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনঃ পরিবেশ দূষণ রোধকল্পে বিএসএফআইসি'র আওতাধীন ১৪টি চিনিকলে ইটিপি স্থাপনের জন্য ডিপিপি প্রণয়নের কাজ চলছে। ইটিপি স্থাপনের পূর্বে মধ্যবর্তী ব্যবস্থা হিসেবে চিনিকলসমূহের তরল বর্জ্য সংরক্ষণের জন্য মিল প্রাঙ্গণে লেগুন নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে তরল বর্জ্য লেগুনে সংরক্ষণ করা হচ্ছে বিধায় চিনিকল এলাকার বাহিরের পরিবেশ দূষিত হচ্ছে না।			
১৪	(প্রকল্প) চিনিকলের পাওয়ার জেনারেশনঃ চিনিকলগুলোর জেনারেটরে আখ মাড়াই মৌসুম ব্যতীত অন্য সময়ে যাতে বিদ্যুৎ উৎপাদন করতে পারে এবং উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহ করতে পারে সে বিষয়ে বিএসএফআইসি বিদ্যুৎ বিভাগের সাথে পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। র-সুগার আমদানি : শিল্প মন্ত্রণালয় র-সুগার আমদানি এবং চিনিকলে তা রিফাইন করার বিষয়ে সম্ভাব্যতা যাঁচাই করে দেখবে।	১২/০৪/২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্য্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন।	বিএসএফআইসি	নর্থ বেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নায়ী রয়েছে। প্রকল্পের 'প্রজেক্ট ইঞ্জিনিয়ারিং' কাজের জন্য পরামর্শক প্রতিষ্ঠান Sosam Sugar Consultants, India এর সাথে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত প্রতিবেদনের ওপর পর্য্যালোচনাকমিটি কর্তৃক মূল্যায়ন শেষে কতিপয় সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিল করে। উক্ত প্রতিবেদনের ওপর গত ২৩/৯/২০১৫ তারিখে স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পের কলেবর বৃদ্ধি করে উৎপাদন বহুমুখিকরণ প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা যাচাইয়ের সিদ্ধান্ত হয়। সে প্রেক্ষিতে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ভিত্তিতে প্রণয়নকৃত আরডিপিপি'র উপর গত ২১/০১/২০১৬ তারিখে অনুষ্ঠিত পিইসি সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গঠিত প্রকল্প ব্যয় যুক্তিযুক্তকরণ কমিটি কর্তৃক ব্যয় হ্রাসসহ অন্যান্য সংশোধনকরতঃ প্রকল্পের আরডিপিপি একনেক-এ বিবেচনাধীন। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৭৩৪৬.৮১ লক্ষ টাকা। মে/২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ১৯২.৩১ লক্ষ টাকা। অগ্রগতির হার : (ক) আর্থিক ১৯২.৩১ লক্ষ টাকা যা প্রকল্প ব্যয়ের ২.৬১% এবং (খ) বাস্তব ৮.০০%।	মেয়াদ ডিসেম্বর' ২০১৬		
১৫	বুগ শিল্পের পূর্ণ বাসনঃ ক্ষুদ্র বুগশিল্পের সংখ্যা নিরূপন ও বুগ হওয়ার কারণ উদঘাটনের জন্য শিল্প মন্ত্রণালয় একটি সমীক্ষা করে তার ভিত্তিতে সুপারিশ প্রণয়ন করতে পারে।	১২/০৪/২০০৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পর্য্যালোচনাকালে দিক নির্দেশনা প্রদান করেন।	শিল্প মন্ত্রণালয়	নির্দেশনাটি বাস্তবায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে	বাস্তবায়নায়ী		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি/নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/ নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	প্রতিশ্রুতি/ নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৬	(প্রকল্প) বরগুনা বিসিক শিল্পনগরী স্থাপনঃ ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপনের মাধ্যমে কর্ম সংস্থানের ব্যবস্থা করা।	০৬/০৫/২০১০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বরগুনায় অনুষ্ঠিত জনসভায় প্রদত্ত প্রতিশ্রুতি।	বিসিক	প্রাক্কলিত ব্যয় : ৭০৮.০০ লক্ষ টাকা। অনুমোদনের তারিখ ০৯/০১/২০১২। ডিপিপি সংশোধন ১৬/১০/২০১৪। 'বিসিক শিল্পনগরী, বরগুনা (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মোট ১১১৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১১ - জুন ২০১৬ মেয়াদে ১৬/১০/২০১৪ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদন লাভ করেছে। অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কাজ চলছে। প্রকল্পের অধিগ্রহণকৃত জমির মূল্য বাবদ ২.৪৯ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। ২০/৫/২০১৫ তারিখে অধিগ্রহণকৃত জমির পজেশন বুঝে নেয়া হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের মাটি ভরাটের কাজ শুরু হয়েছে। বিআইডরিউটিএ কর্তৃক আংশিক (৩৮%) মাটি ভরাটের কাজ সম্পন্ন হয়েছে, অবশিষ্ট মাটি ভরাটের দরপত্র শীঘ্রই আহ্বান করা হবে। ক্রমপঞ্জিত ব্যয়ের পরিমাণ ২৭৮.১৮ লক্ষ টাকা। অগ্রগতির হার ২৫% (আর্থিক)।	বাস্তবায়নাধীন মেয়াদ জুন' ২০১৬		প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াধীন।
১৭	মুহুরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমিতে শিল্প পার্ক স্থাপন।	২৯/১২/২০১০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক চট্টগ্রামের মিরসরাই অনুষ্ঠিত জনসভায় প্রদত্ত প্রতিশ্রুতি।	শিল্প মন্ত্রণালয়/ বিসিক	মুহুরী প্রজেক্টে জেগে উঠা ১৭০০০ একর জায়গার মালিকানা এবং পরিমাণ নিয়ে চট্টগ্রাম ও ফেনী জেলার মধ্যে সৃষ্ট বিরোধ মিমাংসার নিমিত্তে রীট পিটিশন করা হয়েছে। মহামান্য হাইকোর্টে র দায়েরকৃত ১২২১/১০ নং রীট মামলাটি শুনানীর জন্য অপেক্ষামান আছে। তবে সর্ব শেষ তথ্য জানার জন্য গত ২১/৪/২০১৫ তারিখে জেলা প্রশাসক ফেনী বরাবর পত্র দেয়া হলে বর্ণিত রীট পিটিশন মামলাটি ২ জন বিচারপতি দ্বারা গঠিত দ্বৈত বেঞ্চে চূড়ান্ত শুনানীর অপেক্ষায় আছে মর্মে গত ০৭/৬/২০১৫ তারিখে জেলা প্রশাসক, ফেনী হতে পত্র মারফর জানানো হয়েছে।	বাস্তবায়নাধীন	-	
১৮	বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার বলেশ্বর নদীর তীরে পরিবেশ বান্ধব জাহাজ ভাঙ্গা শিল্প স্থাপন।	২২/০২/২০১১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরিশাল জেলা সফরকালে প্রতিশ্রুতি দেন।	শিল্প মন্ত্রণালয়	বরগুনা জেলাধীন পাথরঘাটা উপজেলার বলেশ্বর নদীর তীরে পরিবেশবান্ধব জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপন করার বিষয়ে 'হাইড্রোগ্রাফিক সার্ভে ও বিনিয়োগ আয় প্রবাহ ও কারিগরী সমীক্ষা প্রতিবেদন' প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ স্টীল এন্ড ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন (বিএসইসি)-কে দায়িত্ব দেয়া হয়। উক্ত শিল্প স্থাপনে প্রস্তাবিত জায়গায় Hydraulic Survey এবং বিনিয়োগ আয় প্রবাহ সমীক্ষা তথা Techno- Economic Feasibility Study করার লক্ষ্যে বিএসইসি কর্তৃক পায়রা বন্দর কর্তৃপক্ষের সমন্বয়ে একটি সাব-কমিটি গঠন করে। উক্ত সাব-কমিটি Techno-Economic Feasibility Study করার	বাস্তবায়নাধীন		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি/নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
				জন্য Terms of Reference (TOR) এবং প্রয়োজনীয় অর্থে র প্রাক্কলন Cost Estimation বিএসইসি কর্তৃক গঠিত কমিটির নিকট দাখিল করেছে। TOR এবং Cost Estimation অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ১৮,৯০,৫০,০০০/-টাকা বিএসইসির অনুকূলে বরাদ্দের জন্য শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে একটি প্রকল্প প্রস্তাব পেশ করেছে। উক্ত আর্থিক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে Techno-Economic Feasibility Study করার জন্য EOI (Expression of Interest) আহবান করা হবে মর্মে বিএসইসিকর্তৃক গঠিত কমিটি ০৮/৩/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিএসইসি কর্তৃক প্রেরিত আর্থিক প্রাক্কলনের প্রস্তাবটির বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৫/৪/২০১৬ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ০৫/৫/২০১৬ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।			
১৯	খুলনা নিউজপ্রিন্ট মিলসহ বন্ধ পাটকলগুলো এবং বিসিআইসির অধীনে দাদা ম্যাচ ফ্যাক্টরী পুনরায় চালুকরণ। (১) খুলনা নিউজপ্রিন্ট মিল (২) বিসিআইসি'র অধীনে দাদা ম্যাচ ফ্যাক্টরি পুনরায় চালুকরণ।	মাননীয় প্রধানমন্ত্রী ০৫/০৩/২০১১ তারিখে খুলনা জেলা সফরকালে খালিশপুরে অনুষ্ঠিত জনসভায় প্রতিশ্রুতি দেন।	বিসিআইসি	(১) খুলনা নিউজপ্রিন্ট মিল পুনরায় চালু করার বিষয়ে বিসিআইসি আর্থ-কারিগরি সমীক্ষা প্রতিবেদন দাখিল করেছে। মিলটি পুনঃচালু করার লক্ষ্যে প্রণীত পিডিপি পরিবর্তন কমিশন প্রেরণ করা হলে কিছু সংশোধনীর জন্য তা ফেরৎ পাঠানো হয়েছে। এ প্রেক্ষিতে পিডিপি সংশোধনীর পর তা ০৬/৯/২০১৫ তারিখে পরিবর্তন কমিশনে প্রেরণ করা হয়। পরিবর্তন কমিশন হতে গত ১৩/৪/২০১৬ তারিখে বিদ্যমান বন্ধ মিলটির বিষয়াদি নিষ্পত্তিকল্পে বিসিআইসি'র গৃহীত/গৃহীতব্য কার্যক্রমের বিষয়ে পরবর্তী প্রক্রিয়াকরণ কি হবে মর্মে জানতে চাওয়া হয়। এ প্রেক্ষিতে পরিবর্তন কমিশনে পত্র প্রেরণ প্রক্রিয়াধীন আছে। (২) দাদা ম্যাচ ফ্যাক্টরি স্থলে আইসিটি পার্ক স্থাপন করার লক্ষ্যে সর্বশেষ গত ২০/০৭/২০১৪ তারিখে এ বিষয়ে অতিরিক্ত সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় : (ক) ভূমির মালিকানা নিষ্কটক করার জন্য মেজরিটি শেয়ার হোল্ডারগণের সাথে আলোচনা করতে হবে এবং উভয়পক্ষের নিকট গ্রহণযোগ্য সি.এ ফার্ম দ্বারা সম্পদ ও দায় পুনঃ মূল্যায়ন করতে হবে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের কথা ছিল, কিন্তু সভাটি এখনো অনুষ্ঠিত হয়নি।	মেয়াদ জানুয়ারি ২০১৯	৭০% শেয়ার বেসরকারি মালিকানায় রয়েছে। প্রতিষ্ঠানটি সরকারী নিয়ন্ত্রনে নেয়ার প্রেক্ষিতে ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লিঃ এর ব্যবস্থাপনা	দাদা ম্যাচ ফ্যাক্টরীর স্থলে আইসিটি পার্ক স্থাপনের বিষয়ে খুলনায় অবকাঠামোসহ খালি জায়গায় একটি আইসিটি পার্ক স্থাপনে আগ্রহী কিনা এ

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশন	প্রতিশ্রুতি/নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/ নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	প্রতিশ্রুতি/ নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
				(খ) নিষ্কণ্টক জমি প্রদানের পর হাইটেক পার্ক কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।		কর্তৃপক্ষ/বেসরকারী শেয়ারহোল্ডারগণ মহামান্য সুপ্রীম কোর্টে আপীল মামলা নং-১৩৭২/ ২০১২ দায়ের করে, যা বর্তমানে বিচারাধীন রয়েছে।	বিষয়ে বিসিআইসি হতে ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লিঃ কে গত ০৬/০৪/১৬ তারিখে পত্র দেয়া হলে প্রতিষ্ঠানটি তাদের মতামত প্রদান করে। বিষয়টি শিল্প মন্ত্রণালয়ে পরীক্ষাধীন আছে।
২০	(প্রকল্প) সিরাজগঞ্জকে ইকোনোমিক জোন হিসেবে গড়ে তোলা এবং সিরাজগঞ্জকে শিল্পপার্ক স্থাপন কাজ ত্বরান্বিত করা	০৯/০৪/২০১১ তারিখে সিরাজগঞ্জ জেলা সফরকালে বিএ কলেজ মাঠে অনুষ্ঠিত জনসভায় প্রতিশ্রুতি দেন।	বিসিক	প্রাক্কলিত ব্যয় ৩৭৮৯২.০০ লক্ষ টাকা। পরিকল্পনা কমিশনে অনুমোদনের তারিখ: ৩১/০৮/২০১০ ডিপিপি সংশোধনের বিবরণ: ০৫/০২/২০১৩ সংশোধিত প্রাক্কলনের বিবরণ: ৪৮৯৯৬.০০ লক্ষ টাকা। ক) জমির মূল্য ও ক্ষতিপূরণ পরিশোধ করা হয়েছে এবং ১১/৬/২০১৩ তারিখে জমির দখল বুঝে নেয়া হয়েছে। Tropographical Survey, Hydrological Survey, Soil condition & River Movement এবং Initial Environmental Empect (IEE) এর কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের মাটি ভরাত কার্যক্রম প্রক্রিয়াধীন আছে প্রকল্প এলাকাটি নদী ভাঙ্গন থেকে রক্ষাকল্পে পানি উন্নয়ন বোর্ডের নদী শাসন বাঁধ নির্মাণ কাজ না হওয়ায় প্রকল্পের মাটি ভরাত কাজ শুরু করা যাচ্ছেনা। এ সমস্যা সমাধানের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় ও এ মন্ত্রণালয়ের কর্তৃপক্ষের সাথে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের আরডিপিপি সংশোধন কার্যক্রম চলছে। ক্রমপুঞ্জিত ব্যয়ের পরিমাণ ১০২১২.৯১ লক্ষ টাকা। অগ্রগতির হার ২১% (আর্থিক)।	বাস্তবায়নাধীন মেয়াদ জুন' ২০১৬	ভবিষ্যতে যমুনা নদীর ভাঙ্গন নিয়ন্ত্রণে স্থায়ী ব্যবস্থা না হলে এ প্রকল্পের অগ্রগতি বাঁধাগ্রস্ত হতে পারে। তবে বর্তমানে ক্যাপিটাল ডেজিং (পাইলট) অব বাংলাদেশ রিভার সিস্টেম প্রকল্পের আওতায় ৪টি ক্রস বাঁধ নির্মাণ করা হচ্ছে। Hydrological Survey ও River Movement এর Report ভিত্তিতে যমুনা নদীর এ্যালাইনমেন্ট অনুযায়ী ক্রস বাঁধকে স্থায়ী করা জরুরি। এছাড়া নদীর পশ্চিম কিনারা দিয়ে স্থায়ী বাঁধ নির্মাণ করাও জরুরি।	

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/ নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	প্রতিশ্রুতি/ নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
১	২	৩	৪	৫	৬	৭	৮
১১	(প্রকল্প) রাজশাহী বিসিক শিল্প নগরীর সম্প্রসারণ, উন্নয়ন ও আধুনিকায়ন করা।	মাননীয় প্রধানমন্ত্রী ২৪/১১/২০১১ তারিখে রাজশাহী জেলার হাফেজিয়া মাদ্রাসা মাঠে অনুষ্ঠিত জনসভায়।	বিসিক	প্রাক্কলিত ব্যয় ৫৩১৮.০০ লক্ষ টাকা। অনুমোদনের তারিখ ২৮/১০/২০১৪। রাজশাহী বিসিক শিল্পনগরীর সম্প্রসারণ, শীর্ষক প্রকল্পের সংশোধিত ডিপিপি আলোকে গত ২২/৩/২০১৬ তারিখে একনেক সভায় জুলাই ২০১৫ থেকে ২০১৮ মেয়াদে ১২৮৮১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদন লাভ করে। একনেক সভার সিদ্ধান্তে প্রকল্পের নাম পরিবর্তন করে "রাজশাহী বিসিক শিল্পনগরী-২" নামে নামকরণসহ কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি প্রণয়ন করে গত ১৮/৫/২০১৬ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	বাস্তবায়নাধীন মেয়াদ জুন' ২০১৭		
১২	(প্রকল্প) চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় বিসিক শিল্প নগরী স্থাপন।	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১৮/০২/২০১২ তারিখে চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার সরকারি হাজী আব্দুল বাতেন কলেজ মাঠে অনুষ্ঠিত জনসভার প্রদত্ত প্রতিশ্রুতি।	বিসিক	প্রাক্কলিত ব্যয় ১১৭৭.০০ লক্ষ টাকা। প্রস্তাবিত প্রকল্পটি লাল তালিকাভুক্ত এবং এর অবস্থান ছাড়পত্র সংগ্রহের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তর বরাবর নির্ধারিত ফি জমা দিতে হবে। এ প্রেক্ষিতে পরিবেশ ছাড়পত্র ফি বাবদ ৪০,০০০/- হাজার টাকা বিসিকের রাজস্ব বাজেট থেকে সংস্থানের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ছাড়পত্র সংগ্রহের লক্ষ্যে পুনরায় তাগিদপত্র দেয়া হয়েছে। পরিবেশ অধিদপ্তর চট্টগ্রাম বিভাগীয় কার্যালয় থেকে গত ২৬/১০/২০১৫ তারিখে পত্র মারফত প্রকল্পের আইইই প্রতিবেদন, ইআইএ প্রণয়নের কার্য পরিধি(টর), ইটিপি চিহ্নিত লে-আউট প্ল্যান, ভূমি ব্যবহারের অনুমোদন ও দাগ খতিয়ান উল্লেখপূর্বক মৌজা ম্যাপ দাখিল করার জন্য বলা হয়েছে। উক্ত তথ্যাদির সংগ্রহ করে তা শীঘ্রই পরিবেশ অধিদপ্তর চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করা হবে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র পাওয়ার সাথে সাথে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে কার্যক্রম গ্রহণ করা হবে।	-		
১৩	কর্ম সংস্থান সৃষ্টির লক্ষ্যে রাজাবালী উপজেলার বড়বাইশদিয়া ইউনিয়নে জাহাজমারাচর পয়েন্টে জাহাজ ভাঙ্গা শিল্প স্থাপন এবং শিপইয়ার্ড নির্মাণ।	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২৫/০২/২০১২ তারিখে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার এমবি কলেজ মাঠে অনুষ্ঠিত জনসভার প্রদত্ত প্রতিশ্রুতি।	শিল্প মন্ত্রণালয়	মাননীয় প্রধানমন্ত্রী ২৫/০২/২০১২ তারিখ পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার এমবি কলেজ মাঠে অনুষ্ঠিত এক জনসভায় 'কর্ম সংস্থান সৃষ্টির লক্ষ্যে রাজাবালী উপজেলার বড়বাইশদিয়া ইউনিয়নে জাহাজমারা চর পয়েন্টে জাহাজ ভাঙ্গা এবং পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপন এবং শিপ ইয়ার্ড নির্মাণ এর প্রতিশ্রুতি প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী পটুয়াখালী জেলায় জাহাজ নির্মাণ ও জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনের অগ্রগতি আলোচনা এবং পথ নকসা নির্ধারণের জন্য জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি, সচিব, শিল্প মন্ত্রণালয়ের সভাপতিত্বে ০৫/৪/২০১৫ তারিখে অনুষ্ঠিত সভায় অন্যান্য সিদ্ধান্তের সাথে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :	বাস্তবায়নাধীন		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/ নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
				<p>“মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে পটুয়াখালী জেলাস্ব প্রস্তাবিত পায়রা বন্দরের অধিগ্রহণকৃত ৬০০০ একর জমি হতে জাহাজ নির্মাণ ও মেরামত শিল্পের জন্য ৭০/৮০ একর জমির প্রাপ্যতা নিশ্চিত করার জন্য নৌ পরিবহন মন্ত্রণালয়ের সচিবের সভাপতিতে শিল্প মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, পায়রা বন্দর ক্ষর্তৃপক্ষ, বাংলাদেশ স্টিল এন্ড ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন (বিএসইসি)সহ সংশ্লিষ্টদের নিয়ে উক্ত মন্ত্রণালয়ে একটি সভা আহবান করে এ বিষয়ে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।”</p> <p>উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী জরুরিভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। পায়রা বন্দর এলাকায় অধিগ্রহণকৃত জমি হতে জাহাজ নির্মাণ ও মেরামত শিল্পের জন্য ১০০ একর জমি প্রদানের অনুরোধ জানিয়ে গত ২৯ মে, ২০১৫ তারিখে সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয় বরাবর পত্র প্রদান করা হয়েছে।</p> <p>এ বিষয়ে ১২ মে, ২০১৫ তারিখে নৌ পরিবহন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় ১০০ একর জমি বরাদ্দের বিষয়টি বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে পায়রা বন্দর নির্মাণ প্রকল্পের Feasibility Study করার পর জাহাজ নির্মাণ ও মেরামত প্রকল্পের স্থান চূড়ান্ত হবে।</p>			
২৪	(প্রকল্প) টাংগাইল শিল্প পার্ক স্থাপন	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৩০/০৬/২০১২ তারিখে টাংগাইল জেলা সফরকালে ভূঞাপুর এবং হেমনগর রেলওয়ে স্টেশনে অনুষ্ঠিত গত সভায় প্রদত্ত প্রতিশ্রুতি।	বিসিক	প্রাক্কলিত ব্যয়ঃ ৭১০০.০০ লক্ষ টাকা। 'টাংগাইল শিল্প পার্ক' শীর্ষক প্রকল্পটি ১৬৪০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৫ হতে জুন ২০১৭ মেয়াদে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। জিও জারি করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে।	বাস্তবায়নাধীন মেয়াদ জুন' ২০১৭		
২৫	দেশে বিদ্যমান চিনিকলসমূহে যাতে আখের পাশাপাশি সুগার বিট ব্যবহার করে চিনি উৎপাদন করা যায়, উহার লক্ষ্যে ডুয়েল সিস্টেম মেশিনারির (Dual System Machinery) রাখা।	গত ২০/০৭/২০১৪ তারিখ কৃষি মন্ত্রণালয় পরিদর্শন কালে প্রদত্ত নির্দেশনা।	বিএসএফআইসি	১০১৫৩.৫৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় সংবলিত 'ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন' শীর্ষক প্রকল্পে আখ হতে চিনি উৎপাদনের পাশাপাশি বাংলাদেশ ইক্ষু গবেষণা ইন্সটিটিউট কর্তৃক গৃহীত পাইলট প্রকল্পে উৎপাদিত সুগার বিট থেকে পরীক্ষামূলকভাবে চিনি উৎপাদনের যান্ত্রিক সহযোগিতা প্রদান করা হচ্ছে। প্রকল্পের 'প্রজেক্ট ইঞ্জিনিয়ারিং' কাজের জন্য কারিগরি মূল্যায়নে যোগ্যতা অর্জনকারী সর্ব নিম্ন আর্থিক দরদাতা Sosam Sugar Consultants, India- এর সাথে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্প এলাকা পরিদর্শন ও জরিপ কাজ সম্পন্ন করেছে। পরামর্শক প্রতিষ্ঠানকর্তৃক প্রেরিত প্রতিবেদনের ওপর পর্যালোচনা কমিটি কর্তৃক মূল্যায়ন শেষে কতিপয় সুপারিশ সম্বলিত	মেয়াদ জুন' ২০১৬		

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি/নির্দেশনা কত তারিখে কোন সভায় দিয়েছেন	প্রতিশ্রুতি/ নির্দেশনা বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত সংস্থা	হার (%) সহ প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	সমাপ্তির সম্ভাব্য সময়	প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা/ সমস্যা যদি থাকে	সমাধানের সম্ভাব্য প্রস্তাব
				<p>প্রতিবেদন দাখিল করে। উক্ত প্রতিবেদনের ওপর গত ২৩/৯/২০১৫ তারিখে স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পের কলেবর বৃদ্ধি করে উৎপাদন বহুমুখিকরণ প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা যাচাইয়ের সিদ্ধান্ত হয়। সে প্রেক্ষিতে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ভিত্তিতে প্রণয়নকৃত আরডিপিপি'র ওপর অনুষ্ঠিত পিইসি সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গঠিত প্রকল্প ব্যয় যুক্তিযুক্তকরণ কমিটি কর্তৃক ব্যয় হ্রাসসহ অন্যান্য সংশোধনকরতঃ প্রকল্পের আরডিপিপি একনেক-এ বিবেচনাধীন।</p> <p>উল্লেখ্য, বিএসআরআই কর্তৃক গবেষণায় সুগার বিট থেকে চিনি উৎপাদন প্রক্রিয়ায় প্রকল্পটি সফল ও লাভজনক হলে ভবিষ্যতে যেসব ক্ষেত্রে প্রয়োগ সম্ভব, সে সব চিনিকলে ডুয়েল সিস্টেম মেশিনারি (Dual System Machinery) এর সংস্থান রাখার উদ্যোগ গ্রহণ করা হবে।</p>			

(Handwritten signature)

২৮.০৬.২০১৬

পরাগ

অতিরিক্ত সচিব

শিল্প মন্ত্রণালয়

(সিনিয়র সচিবের রুটিন দায়িত্বে)